গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
www.ashuganj.brahmanbaria.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.১২৩৩.০০০.১৫.০১২.২৩-৩২৫

তারিখ: ১৪ ভাদ্র, ১৪২৯
২৯ আগস্ট, ২০২৩

## উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে কক্ষ ভাড়ার বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখা'র গত ১৮.০১.২০২১ খ্রি. তারিখে ৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩.(৭).১১-৩৬ নং স্মারক পত্রে জারিকৃত "উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার সংক্রান্ত" সংশোধিত পরিপত্র ও ১৮.০৬.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কমিটি'র সিদ্ধান্ত মোতাবেক আশুগঞ্জ উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ১ম ও ২য় তলার মোট ১২ (বার) টি কক্ষ সেবা/বাণিজ্যিক কাজে ব্যবহারের জন্য ভাড়া দেয়ার নিমিত্ত নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| ০১ | আবেদন ফরম বিতরণের তারিখ ও স্থান | ০৩ সেপ্টেম্বর, ২০২৩ হতে ১৩ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে), উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, আশুগঞ্জ। |
| ০২ | আবেদন ফরম জমাদানের তারিখ ও সময় | ০৬ সেপ্টেম্বর, ২০২৩ হতে ১৩ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত |
| ০৩ | আবেদন ফরম জমাদানের স্থান | উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, আশুগঞ্জ। |
| ০৪ | আবেদন ফরম জমাকৃত বাক্স খোলার তারিখ ও সময় | ১৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকা |
| ০৫ | কক্ষ বরাদ্দের সময়সীমা | ০১ (এক) বছর মেয়াদী |
| ০৬ | ভাড়ার পরিমাণ (প্রতিমাস) | ক) প্রতিকক্ষ সর্বনিম্ন ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা<br>খ) যেকোন তলা (এক ফ্লোর) সম্পূর্ণ ১৫ হাজার টাকা<br>গ) ১ম ও ২য় তলা সম্পূর্ণ ৩০ হাজার টাকা। |
| ০৭ | অগ্রিম জামানত | দোকান প্রতি জামানত ২০,০০০/- (বিশ হাজার) টাকা |
| ০৮ | আবেদন পত্রের মূল্য | ১০০/-(একশত) টাকা (অফেরত যোগ্য)। |

### শর্তাবলী

১. (ক) সরকারি/বেসরকারি অফিস/ব্যাংক (খ) কিন্ডার গার্টেন/বেসরকারি স্কুল (গ) মুদি/মনিহারি দোকান (ঘ) মেডিসিন (ঙ) ডায়াগনস্টিক সেন্টার (চ) কম্পিউটার/মোবাইল সামগ্রী (ছ) ইলেকট্রনিক্স সামগ্রী (জ) লাইব্রেরি/স্টেশনারি সামগ্রী (ঝ) প্লাস্টিকপণ্য (ঞ) সার ও বীজ (ট) পোশাক (ঠ) টেইলার্স (ড) জুতা (ঢ) কসমেটিক্স সামগ্রী (ণ) জুয়েলারী (ত) বেকারী/খাদ্যসামগ্রী (থ) হার্ডওয়্যার সামগ্রী (দ) সাইকেল/মোটর সাইকেল শো-রুম (ধ) বিউটি পার্লার (ন) ক্যাবল অপারেটর/ইন্টারনেট সার্ভিস প্রভাইডার (প) ক্রোকারিজ সামগ্রী ও (ফ) সমমানের (কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষ) উদ্যোক্তা/ব্যবসায়ীগণ আবেদন করতে পারবেন।

২. কর্তৃপক্ষ হতে সরবরাহকৃত নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে।

৩. আবেদন পত্রের সাথে এক কপি ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটো কপি এবং ট্রেড লাইসেন্স এর ফটো কপি জমা দিতে হবে।

৪. প্রতিটি কক্ষের বিপরীতে সর্বোচ্চ দাখিলকৃত ভাড়া প্রদানকারীর অনুকুলে কক্ষ বরাদ্দ দেওয়া হবে। তবে একই কক্ষের জন্য সর্বোচ্চ দর দাতার দাখিলকৃত দর একাধিক হলে লটারির মাধ্যমে নির্বাচন করা হবে।

৫. প্রতিটি কক্ষের বিপরীতে নির্ধারিত ভাড়া ও অগ্রীমের পরিমাণ কম উল্লেখ থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

৬. প্রয়োজনে প্রতিবছর কর্তৃপক্ষ ভাড়া পুণ:নির্ধারণ করবেন।

৭. বরাদ্দকৃত দোকানে অনৈতিক, আইনবিরোধী, রাষ্ট্রবিরোধী ও মুক্তিযুদ্ধের চেতনা বিরোধী কার্যক্রম করা যাবেনা এবং প্রতিষ্ঠানের অমর্যাদা হয় এমন কোন কাজে ব্যবহার করা যাবে না।

৮. কোন অবস্থাতেই ভাড়াটিয়া নির্ধারিত সেবা/বাণিজ্যিক কাজের বাইরে এই স্থান ব্যবহার করতে পারবেন না এবং ভাড়াকৃত দোকান অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে হস্তান্তর বা ব্যবহারের জন্য পুন: বরাদ্দ/ভাড়া (সাবলেট) প্রদান করা যাবে না।

৯. স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা বিরোধী ব্যক্তি/ পরিবারের কেউ কক্ষ ভাড়া নিতে পারবে না।

১০. শর্তমোতাবেক আবেদনপত্র দাখিল না করলে উক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১. নির্ধারিত তারিখের পরে আর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১২. পর পর তিন মাস ভাড়া পরিশোধ করতে ব্যর্থ হলে কোন কারণ দর্শানো ছাড়া বরাদ্দ বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে।

১৩. বিদ্যুৎ বিল দোকান গ্রহীতাগণ নিজে পরিশোধ করবেন। জেনারেটর বিল ও পানির বিল আলোচনা সাপেক্ষ্যে কমিটি কর্তৃক নির্ধারণ করা হবে।

১৪. কর্তৃপক্ষ যে কোন সময় জারিকৃত বিজ্ঞপ্তি বাতিল, কোন সিদ্ধান্ত পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ সংক্রান্ত সরকারি যেকোন পরিপত্র শর্তের অংশ হিসেবে বিবেচিত হবে।

১৫. বরাদ্দ প্রাপ্তির জন্য চুড়ান্তভাবে নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠান কে কর্তৃপক্ষের সাথে উল্লিখিত শর্ত সম্বলিত চুক্তিপত্র নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদন করতে হবে।

১৬. আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হবে।

১৭. জামানত এবং মাসিক ভাড়ার বিষয়টি আলোচনা সাপেক্ষ্যে পরিবর্তন যোগ্য।

(শ্যামল চন্দ্র বসাক)
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ০৫.৪২.১২৩৩.০০০.১৫.০১২.২৩-৩২৫/১ (১৩)

তারিখ: ১৪ ভাদ্র, ১৪২৯ / ২৯ আগস্ট, ২০২৩

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। মাননীয় সংসদ সদস্য-২৪৪, ব্রাহ্মণবাড়িয়া-০২ নির্বাচনী এলাকা, ব্রাহ্মণবাড়িয়া।

০২। মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন-৩১২, বাংলাদেশ জাতীয় সংসদ।

০৩। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহনপুল ভবন, ঢাকা।

০৪। জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

০৭। উপজেলা .................................... কর্মকর্তা, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

০৮। চেয়ারম্যান, আশুগঞ্জ সদর/চরচারতলা/দূর্গাপুর/তালশহর (প:)/আড়াইসিধা/শরীফপুর/লালপুর/তারুয়া ইউনিয়ন পরিষদ, আশুগঞ্জ।

০৯। সাবেক ডেপুটি কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

১০। বীর মুক্তিযোদ্ধা জনাব ...................................................., আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

১১। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

১২। জনাব, ...................................................., আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

১৩। অফিস কপি।

(শ্যামল চন্দ্র বসাক)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া